গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
এনআইএস, এপিএ ও সুশাসন শাখা
www.rthd.gov.bd

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার দ্বিতীয় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাপূর্বক ফিডব্যাক সভা'র কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | এ, কে, এম শামীম আক্তার<br>অতিরিক্ত সচিব (উন্নয়ন) ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা<br>সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| তারিখ | : | ২৪ জানুয়ারি ২০২৩ |
| সময় | : | সকাল ১০.০০ ঘটিকা |
| স্থান | : | সভাকক্ষ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার প্রারম্ভে সভাপতি কর্তৃক এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী ফলপ্রসুভাবে বাস্তবায়ন করার জন্য তাগিদ প্রদান করা হয়। প্রাতিষ্ঠানিক স্বচ্ছতা আনয়নের পাশাপাশি সেবা সংক্রান্ত কার্যক্রমসমূহে সংশ্লিষ্ট সকলের জবাবদিহিতা নিশ্চিত করার পাশাপাশি শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নে মন্ত্রিপরিষদ বিভাগের নতুন নির্দেশনা অনুযায়ী কিছু নব প্রবর্তিত চ্যালেঞ্জ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করে সেদিকে লক্ষ্য রেখে বিগত বছরের চেয়ে আরও ভাল করার জন্য সংশ্লিষ্ট সকলকে অধিকতর আন্তরিকতার সাথে কাজ করা প্রয়োজন মর্মে তিনি উল্লেখ করেন।

০২. এ পর্যায়ে মন্ত্রিপরিষদ বিভাগের ২৫/১০/২০২২ তারিখের নং-০৪.০০.০০০০.৮২২.২১.০০১.২১.২৭১ পত্রের নির্দেশনাসমূহ সভায় উপস্থিত সকলকে সভাপতি কর্তৃক অবহিত করা হয়। উক্ত নির্দেশনাসমূহের মধ্যে ১.২ সূচকে উল্লেখ রয়েছে যে, নৈতিকতা কমিটির সভায় যদি শুধু কর্মপরিকল্পনার বিষয়ে আলোচনা করা হয় এবং সে অনুযায়ী সিদ্ধান্ত গৃহীত হয় সেক্ষেত্রে মূল্যায়নে অর্ধেক নম্বর ২ (দুই) পাওয়া যাবে। তবে নৈতিকতা কমিটির সভায় যদি শুদ্ধাচার কর্মপরিকল্পনার বাইরে নৈতিকতা কমিটির কার্যপরিধি অনুযায়ী আলোচনা করা হয় এবং সে অনুযায়ী সিদ্ধান্ত গৃহীত এবং বাস্তবায়িত হলে পূর্ণ নম্বর ৪ (চার) পাওয়া যাবে। উক্ত সূচকের লক্ষ্যমাত্রা অনুযায়ী আগামী দুই প্রান্তিকের জন্য নৈতিকতা কমিটির সভায় শুদ্ধাচার কর্মপরিকল্পনার বাইরে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণপূর্বক বাস্তবায়নের জন্য সংস্থাসমূহকে সভাপতি নির্দেশনা প্রদান করেন। এছাড়া ২.৪ সূচকে শতভাগ পিআইসি সভা আয়োজনের নির্দেশনা রয়েছে বিধায় উক্ত সূচকের লক্ষ্যমাত্রা অর্জনের উপর গুরুত্ব দিতে সংস্থাসমূহকে বলা হয়। পাশাপাশি তিনি উল্লেখ করেন এবছর এ বিভাগের মোট প্রকল্পের নূন্যতম ৫০% পিএসসি সভার আয়োজনের নির্দেশনা অক্টোবর ২০২২ এ পাওয়া গিয়াছে। বিষয়টি অর্জন বাস্তবসম্মত কারণেই দুরুহ বিধায় বিষয়টি এ বিভাগের কার্যপরিধির আলোকে পুনঃবিবেচনার জন্য সমন্বয় ও সংস্কার বিভাগে অনুরোধ করা হয়েছে। তদুপরি নির্দেশনার বিষয়টি বিবেচনায় রেখে নির্ধারিত সংখ্যক পিআইসি এবং পিএসসি সভা আয়োজনের বিষয়টি বাস্তবায়নের প্রতি তিনি দৃষ্টি আকর্ষণ করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপসচিব (এনআইএস, এপিএ ও সুশাসন) এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার দ্বিতীয় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি পর্যায়ক্রমে উপস্থাপন করেন :

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | সড়ক ও জনপথ অধিদপ্তর (সওজ) :<br>NIS কর্মপরিকল্পনার কার্যক্রম ১.২ সূচকে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক কর্মপরিকল্পনার বাইরে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করে তা বাস্তবায়ন করতে হবে মর্মে সভাপতি উল্লেখ করেন। ক্রম ২.৪ [প্রকল্পের PIC সভা আয়োজন] মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী শতভাগ PIC সভা আয়োজন করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। ক্রম ২.৫ [প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা] কার্যক্রমে লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন নিশ্চিত করার উপর সভায় গুরুত্বারোপ করা হয়। | (১) NIS কর্মপরিকল্পনার কার্যক্রম ১.২ সূচকে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী শুদ্ধাচার কর্মপরিকল্পনার বাইরে নৈতিকতা কমিটির সভায় আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করে তা বাস্তবায়ন করতে হবে।<br>(২) ২.৪ [প্রকল্পের PIC সভা আয়োজন] কার্যক্রমের লক্ষ্যমাত্রা মোতাবেক মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী শতভাগ PIC সভা আয়োজন করতে হবে।<br>(৩) ২.৫ [প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা] কার্যক্রমে লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন নিশ্চিত করার নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | প্রধান প্রকৌশলী/ শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সওজ অধিদপ্তর |
| ২. | বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) :<br>NIS কর্মপরিকল্পনার কার্যক্রম ১.২ সূচকে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক কর্মপরিকল্পনার বাইরে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করে তা বাস্তবায়ন করতে হবে মর্মে সভাপতি উল্লেখ করেন। মন্ত্রিপরিষদ বিভাগ প্রদত্ত নমুনা ছক মোতাবেক নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন তৈরি করতে হবে এবং বাস্তবায়নের প্রমাণক সংযুক্ত করতে হবে। ক্রম ১.৫ এবং ২.২ কার্যক্রমের প্রমাণক মন্ত্রিপরিষদ বিভাগের মূল্যায়ন নির্দেশিকা অনুযায়ী সত্যায়িত করা হয়নি বলে সভাপতি উল্লেখ করেন। ক্রম ৩.৩ [ঢাকা ও চট্টগ্রাম মেট্রো সার্কেলগুলোতে দালাল বিরোধী অভিযান পরিচালনা] কার্যক্রমে ঢাকা ও চট্টগ্রাম মেট্রো সার্কেলের পৃথক পৃথক পরিসংখ্যান দাখিল করতে হবে। এছাড়াও অভিযান পরিচালনার কিছু প্রমাণক সংযুক্ত করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। ক্রম ৩.৪ [বিআরটিএ-র বিভিন্ন জনবান্ধব ও জনসচেতনতামূলক সেবা সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশ] কার্যক্রমের প্রতিবেদনের সাথে কিছু পত্রিকার কাটিং সংযুক্ত করতে হবে মর্মে সভাপতি কর্তৃক উল্লেখ করা হয়। | (১) NIS কর্মপরিকল্পনার কার্যক্রম ১.২ সূচকে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী শুদ্ধাচার কর্মপরিকল্পনার বাইরে নৈতিকতা কমিটির সভায় আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করে তা বাস্তবায়ন করতে হবে। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রদত্ত নির্ধারিত ছক মোতাবেক নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন তৈরি করে প্রমাণক সহ প্রেরণ করতে হবে।<br>(২) ক্রম ১.৫ এবং ২.২ কার্যক্রমের প্রমাণক মূল্যায়ন নির্দেশিকা অনুযায়ী সত্যায়িত করে প্রেরণ করতে হবে।<br>(৩) ক্রম ৩.৩ [ঢাকা ও চট্টগ্রাম মেট্রো সার্কেলগুলোতে দালাল বিরোধী অভিযান পরিচালনা] কার্যক্রমে ঢাকা ও চট্টগ্রাম মেট্রো সার্কেলের পৃথক পরিসংখ্যান দাখিল করতে হবে। অভিযান পরিচালনার কিছু প্রমাণক সংযুক্ত করতে হবে।<br>(৪) ক্রম ৩.৪ [বিআরটিএ-র বিভিন্ন জনবান্ধব ও জনসচেতনতামূলক সেবা সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশ] কার্যক্রমের প্রতিবেদনের সাথে কিছু পত্রিকার কাটিং সংযুক্ত করতে হবে।<br>(৫) প্রমাণকসমূহ পতাকা চিহ্নিত করে এ বিভাগে প্রেরণ করতে হবে।<br>(৬) মন্ত্রিপরিষদ বিভাগের ২৫/১০/২০২২ তারিখের নং-০৪.০০.০০০০.৮২২.২১.০০১.২১. ২৭১ পত্রের নির্দেশনা অনুযায়ী ক্রম ২.৫ নম্বর সূচকের মান ৫ এর পরিবর্তে ৩ এবং ক্রম ৩.১ এর সূচকের মান ৩ এর পরিবর্তে ৫ হবে।<br>(৭) ক্রম ১.২, ১.৫, ২.২, ৩.৩ এবং ৩.৪ কার্যক্রমসমূহের প্রমাণক আগামী ০২/০২/২০২৩ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। | চেয়ারম্যান/ শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিআরটিএ |



৫৭

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৩. | বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি) : NIS কর্মপরিকল্পনার কার্যক্রম ১.২ সূচকে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক কর্মপরিকল্পনার বাইরে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করে তা বাস্তবায়ন করতে হবে মর্মে সভাপতি উল্লেখ করেন। মন্ত্রিপরিষদ বিভাগ প্রদত্ত নমুনা ছক মোতাবেক নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন তৈরি করতে হবে এবং বাস্তবায়নের প্রমাণক সংযুক্ত করতে হবে। ক্রম ১.৫ এবং ২.২ কার্যক্রমের প্রমাণক মন্ত্রিপরিষদ বিভাগের মূল্যায়ন নির্দেশিকা অনুযায়ী সত্যায়িত করা হয়নি বলে সভাপতি উল্লেখ করেন। | (১) NIS কর্মপরিকল্পনার কার্যক্রম ১.২ সূচকে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী শুদ্ধাচার কর্মপরিকল্পনার বাইরে নৈতিকতা কমিটির সভায় আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করে তা বাস্তবায়ন করতে হবে। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রদত্ত নির্ধারিত ছক মোতাবেক নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন তৈরি করে প্রমাণক সহ প্রেরণ করতে হবে।<br>(২) ক্রম ১.৫ এবং ২.২ কার্যক্রমসমূহের প্রমাণক মন্ত্রিপরিষদ বিভাগের মূল্যায়ন নির্দেশিকা অনুযায়ী সত্যায়িত করে প্রেরণ করতে হবে।<br>(৩) ক্রম ১.২, ১.৫ এবং ২.২ কার্যক্রমসমূহের প্রমাণক আগামী ০২/০২/২০২৩ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। | চেয়ারম্যান/ শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিআরটিসি |
| ৪. | ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) : NIS কর্মপরিকল্পনার কার্যক্রম ১.২ সূচকে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক কর্মপরিকল্পনার বাইরে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করে তা বাস্তবায়ন করতে হবে মর্মে সভাপতি উল্লেখ করেন। মন্ত্রিপরিষদ বিভাগ প্রদত্ত নমুনা ছক মোতাবেক নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন তৈরি করতে হবে এবং বাস্তবায়নের প্রমাণক সংযুক্ত করতে হবে। ক্রম ২.২ কার্যক্রমের প্রমাণক মন্ত্রিপরিষদ বিভাগের মূল্যায়ন নির্দেশিকা অনুযায়ী সত্যায়িত করা হয়নি বলে সভাপতি উল্লেখ করেন। ২.৫ [প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা] কার্যক্রমে লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন নিশ্চিত করার উপর সভায় গুরুত্বারোপ করা হয়। | (১) NIS কর্মপরিকল্পনার কার্যক্রম ১.২ সূচকে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী শুদ্ধাচার কর্মপরিকল্পনার বাইরে নৈতিকতা কমিটির সভায় আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করে তা বাস্তবায়ন করতে হবে। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রদত্ত নির্ধারিত ছক মোতাবেক নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন তৈরি করে প্রমাণক সহ প্রেরণ করতে হবে।<br>(২) ক্রম ২.২ কার্যক্রমের প্রমাণক মন্ত্রিপরিষদ বিভাগের মূল্যায়ন নির্দেশিকা অনুযায়ী সত্যায়িত করে প্রেরণ করতে হবে।<br>(৩) সূচক ১.২ এবং ২.২ কার্যক্রমসমূহের প্রমাণক আগামী ০২/০২/২০২৩ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। | নির্বাহী পরিচালক/ শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, ডিটিসিএ |
| ৫. | ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড (ডিএমটিসিএল): NIS কর্মপরিকল্পনার কার্যক্রম ১.২ সূচকে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক কর্মপরিকল্পনার বাইরে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করে তা বাস্তবায়ন করতে হবে মর্মে সভাপতি উল্লেখ করেন। মন্ত্রিপরিষদ বিভাগ প্রদত্ত নমুনা ছক মোতাবেক নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন তৈরি করতে হবে এবং বাস্তবায়নের প্রমাণক সংযুক্ত করতে হবে। | (১) NIS কর্মপরিকল্পনার কার্যক্রম ১.২ সূচকে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী শুদ্ধাচার কর্মপরিকল্পনার বাইরে নৈতিকতা কমিটির সভায় আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করে তা বাস্তবায়ন করতে হবে। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রদত্ত নির্ধারিত ছক মোতাবেক নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন তৈরি করে প্রমাণক সহ প্রেরণ করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক/শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, ডিএমটিসিএল |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৬. | ঢাকা বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানী লিমিটেড (ঢাকা বিআরটি) :<br>NIS কর্মপরিকল্পনার কার্যক্রম ১.২ সূচকে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক কর্মপরিকল্পনার বাইরে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করে তা বাস্তবায়ন করতে হবে মর্মে সভাপতি উল্লেখ করেন। মন্ত্রিপরিষদ বিভাগ প্রদত্ত নমুনা ছক মোতাবেক প্রতিবেদন তৈরি করতে হবে এবং বাস্তবায়নের প্রমাণক সংযুক্ত করতে হবে। | (১) NIS কর্মপরিকল্পনার কার্যক্রম ১.২ সূচকে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী শুদ্ধাচার কর্মপরিকল্পনার বাইরে নৈতিকতা কমিটির সভায় আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করে তা বাস্তবায়ন করতে হবে। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রদত্ত নির্ধারিত ছক মোতাবেক নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন তৈরি করে প্রমাণক সহ প্রেরণ করতে হবে।<br>(২) শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার প্রতি প্রান্তিকের প্রমাণকসমূহ পতাকা চিহ্নিত করে এ বিভাগে প্রেরণ করতে হবে।<br>(৩) মন্ত্রিপরিষদ বিভাগের ২৫/১০/২০২২ তারিখের নং-০৪.০০.০০০০.৮২২.২১.০০১.২১.২৭১ পত্রের নির্দেশনা অনুযায়ী ক্রম ২.৫ নম্বর সূচকের মান ৫ এর পরিবর্তে ৩ এবং ক্রম ৩.১ এর সূচকের মান ৩ এর পরিবর্তে ৫ হবে। | ব্যবস্থাপনা পরিচালক/শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, ঢাকা বিআরটি কোম্পানী লিমিটেড |
| ৭. | NIS কর্মপরিকল্পনার কার্যক্রম ২.৫ [প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা] বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে অধিকতর আন্তরিকতার সাথে কাজ করার জন্য সভাপতি কর্তৃক গুরুত্বারোপ করা হয়। | (১) ক্রম ২.৩ [বাজেট বাস্তবায়ন] এর জন্য নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে।<br>(২) ক্রম ২.৪ [প্রকল্পের PIC সভা আয়োজন] কার্যক্রমের লক্ষ্যমাত্রা মোতাবেক মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী শতভাগ PIC সভা আয়োজন করতে হবে।<br>(৩) ক্রম ২.৫ [প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা] বাস্তবায়নকল্পে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৯৯৯ ও ২০০৬ সালে জারিকৃত পরিপত্র অনুসারে (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) যথাসময়ে হস্তান্তর নিশ্চিত করতে হবে।<br>(৪) ক্রম ৩ [শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম] এর জন্য ফলাফল ভিত্তিক কার্যক্রম গ্রহণ করতে হবে এবং প্রমাণক দাখিলের সময় গৃহীত কার্যক্রমের ফলে কি কি শুদ্ধাচার প্রতিষ্ঠিত হয়েছে তার সুস্পষ্ট ব্যাখ্যা থাকতে হবে। | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সওজ/বিআরটিএ/ বিআরটিসি/ ডিটিসিএ/ ডিএমটিসিএল/ ঢাকা বিআরটি |

৩.০ আলোচ্যসূচিতে আর কোন বিষয় অন্তর্ভুক্ত না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধনবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
২৯/১/২৩
(এ, কে, এম শামীম আক্তার)
অতিরিক্ত সচিব (উন্নয়ন)
ও
শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

স্মারক নং-৩৫.০০.০০০০.০৪৯.০৬.০০২.২২-১৫

তারিখ : ১৫ মাঘ, ১৪২৯ / ২৯ জানুয়ারি, ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
০৩। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ), বনানী, ঢাকা
০৪। নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ, নগর ভবন, ঢাকা
০৫। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি), পরিবহন ভবন, মতিঝিল, ঢাকা
০৬। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড, প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন, ঢাকা
০৭। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানী লিমিটেড, বাড়ী-৪, সড়ক-২১, সেক্টর-৪, উত্তরা, ঢাকা

অনুলিপি (সদয় অবগতির জন্য) :

১। একান্ত সচিব, সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। অফিস কপি/মাস্টার কপি।

অনুলিপি (কার্যার্থে):

১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ওয়েব সাইটের শুদ্ধাচার সেবাবক্সে প্রকাশের অনুরোধসহ)

২৯/১/২৩
(ফাহমিদা হক খান)
উপসচিব
ফোন : ২২৩৩৫৫৫২৮
E-mail: dsaudit@rthd.gov.bd